# ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

**WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED (WZPDCL)**

*(An Enterprise of Bangladesh Power Development Board)*

ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০

www.wzpdcl.gov.bd. e-mail: wzpdcl.md.@gmail.com


স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.২৭.০১.২২-১৩০৭ তারিখ:৩০/০৬/২০২২খ্রিঃ

## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো) খুলনাতে কোম্পানির প্রচলিত বেতন স্কেল ও ভাতাদিতে নিম্নে বর্ণিত পদে নিয়োগের জন্য সৎ, নিবেদিত, উদ্যোগী, ত্যাগী, প্রতিকূল অবস্থা মোকাবেলায় চ্যালেঞ্জ গ্রহণে আগ্রহী, কোম্পানি আইন এবং কোম্পানির চাকুরী বিধি অনুযায়ী কাজ করার মানসিকতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরম-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (ওজোপাডিকোর বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী) | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | সহকারী প্রকৌশলী<br>বেতন স্কেল ৫১,০০০/-<br>(ইলেকট্রিক্যাল-১৮, মেকানিক্যাল-৫, সিভিল-১ এবং কম্পিউটার-৩) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইঞ্জিনিয়ারিং কলেজ হতে ইলেকট্রিক্যাল/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/ইইসি/ মেকানিক্যাল/ সিভিল/ কম্পিউটার সাইন্স/কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইসিই/ইটিই-এ স্নাতক।<br>খ) শিক্ষাক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। গ্রেডিং সিস্টেমে উত্তীর্ণদের ক্ষেত্রে সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ৩.৫০ এবং ৪.০ স্কেলে ন্যূনতম ২.৫০ থাকতে হবে।<br>গ) অংশগ্রহণমূলক বলিষ্ঠ নেতৃত্ব প্রদানের ক্ষমতা থাকতে হবে।<br>ঘ) বাংলা ও ইংরেজী ভাষায় ভালো মানের দক্ষতাসহ (লিখিত ও মৌখিক) কম্পিউটার ব্যবহারে বাস্তব অভিজ্ঞতা আবশ্যক। |
| ২ | উপ-সহকারী প্রকৌশলী<br>বেতন স্কেল ৩৯,০০০/-<br>(ইলেকট্রিক্যাল-১৪, মেকানিক্যাল-৪, সিভিল-১ এবং কম্পিউটার-২) | ক) কোন স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট হতে ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল/ পাওয়ার/সিভিল/কম্পিউটার টেকনোলজিতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং।<br>খ) শিক্ষাক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। গ্রেডিং সিস্টেমে উত্তীর্ণদের ক্ষেত্রে সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ৩.৫০ এবং ৪.০ স্কেলে ন্যূনতম ২.৫০ থাকতে হবে ।<br>গ) অংশগ্রহণমূলক বলিষ্ঠ নেতৃত্ব প্রদানের ক্ষমতা থাকতে হবে ।<br>ঘ) বাংলা ও ইংরেজী ভাষায় ভালো মানের দক্ষতাসহ (লিখিত ও মৌখিক) কম্পিউটার ব্যবহারে বাস্তব অভিজ্ঞতা আবশ্যক। |

**শর্তাবলী ঃ**

১. আগ্রহী প্রার্থীদেরকে আগামী ১৭/০৭/২০২২ তারিখের মধ্যে ওজোপাডিকো'র ওয়েবসাইট www.wzpdcl.gov.bd অথবা https://jobs. wzpdcl. gov.bd:6780 এ Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে। Online Application Form-এর নির্দিষ্ট স্থানে প্রার্থীর স্বাক্ষর ও ছবি স্ক্যান করে বসাতে হবে।

২. Online Application Form পূরণপূর্বক সহকারী প্রকৌশলী পদের জন্য আবেদনপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি; এসএসসি, এইচএসসি ও বিএসসি ইঞ্জিনিয়ারিং এর সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং উপ-সহকারী প্রকৌশলী পদের জন্য আবেদনপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি; এসএসসি, ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং এর সনদ ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ ১৭/০৭/২০২২ তারিখের মধ্যে উপ-মহাব্যবস্থাপক (এইচআর এন্ড এডমিন), ওজোপাডিকো,বিদ্যুৎ ভবন, ৩৫-বয়রা মেইন রোড, খুলনা-৯০০০ বরাবরে সরাসরি/ ডাকযোগে অবশ্যই পৌঁছাতে হবে। লিখিত পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদের মৌখিক পরীক্ষাগ্রহণ করা হবে।

৩. দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Application Serial number-টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৪. আবেদনকারীর পরীক্ষার ফি ডাচ বাংলা ব্যাংক-এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ- এর অনুকূলে সহকারী প্রকৌশলী পদের জন্য ৮০০/- (আটশত) টাকা (অফেরৎযোগ্য) এবং উপ-সহকারী প্রকৌশলী পদের জন্য ৭০০/- (সাতশত) টাকা (অফেরৎযোগ্য) পাঠাতে হবে। টাকা পাঠানোর নিয়মাবলী ওয়েব সাইটে পাওয়া যাবে।

৫. সরকারী, আধাসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ২ নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা স্বস্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৬. বর্ণিত পদের ক্ষেত্রে ৩০/০৬/২০২২ তারিখে উর্ধ্ব বয়সসীমা ৩০বৎসর। প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের জন্য উর্ধ্ব বয়স ৩২ বৎসর। ওজোপাডিকোতে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৭. চাকুরীতে নিয়োগ বিষয়ে সরকার কর্তৃক কোটা সংক্রান্ত সর্বশেষ আদেশ প্রযোজ্য হবে।

৮. নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৯. অসম্পূর্ণ আবেদনপত্র বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০. শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ডাকা হবে।

১১. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

১২. কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন পত্র বাতিল এবং এ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩. নিয়োগের বিষয়ে যে কোন ধরণের তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৪. এই বিজ্ঞপ্তি ও আবেদন পত্রের নির্ধারিত ফরম www.wzpdcl.gov.bd অথবা https://jobs.wzpdcl.gov.bd:6780 ওয়েব সাইট-এ পাওয়া যাবে।

১৫. যে সকল প্রার্থী ২৪/০৫/২০২২ তারিখের স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.২৭.০১.২২-১০০৩ দ্বারা প্রকাশিত ওজোপাডিকো'র নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে আবেদন করেছেন তাদের পুনরায় একই পদে আবেদন করার প্রয়োজন নেই। তাদের পূর্ববর্তী আবেদন বহাল থাকবে।

30/06/22

উপ-মহাব্যবস্থাপক
(এইচআর এন্ড এডমিন)
ওজোপাডিকো, খুলনা।